

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২৩৮-আইন/২০১২/৬৫৫-মুসক ১- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৪ জ্যেষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৮০-আইন/২০১২/৬৩৮-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল-২ (আমদানি ও উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা (Heading No.) ৮৫.২৩ এবং উহার বিপরীতে কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS code) ৮৫২৩.২৯.১২ ও ৮৫২৩.৪৯.২০ এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত "Storage device incorporating software" শব্দসমূহের পরিবর্তে "Software" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা (Heading No.) ৭৩.২৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন শিরোনামা সংখ্যা (Heading No.) ৭৬.১৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এর নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“৭৬.১৫	সংশ্লিষ্ট	এ্যালুমিনিয়াম ও এনামেলের তৈরী কিচেন বা অন্যান্য
	এইচএস কোড	গৃহস্থালীর তৈজসপত্র, স্যানিটারী ওয়ার এবং যন্ত্রাংশ
		[প্রেসার কুকার, ফ্রাইপেন (ননস্টিক) ও উহারের যন্ত্রাংশ ব্যতিত]।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[নাসির উদ্দিন আহমেদ]

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২৩৯-আইন/২০১২/৬৫৬-মুসক ১- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যেষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৮২-আইন/২০১২/৬৪০-মুসক এর মাধ্যমে জারীকৃত নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি ১ এর উপ-বিধি (১) উল্লিখিত “এই” শব্দটির পর “বিধিমালা” শব্দটি সন্নিবেশিত হইবে;

(খ) বিধি ২ এর উপ-বিধি (১) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা (Heading No.) So৭৮.০০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরোনামা সংখ্যা (Heading No.) So৯৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“So৯৯	So৯৯.১০	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা	সেবা প্রদানকারী কর্তৃক	৪.৫%”।
		(Information	প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ	
		Technology Enabled	শতাংশ	
		Services)		

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোঃ শওকাত হোসেন]
প্রথম সচিব (মুসক নীতি)